

স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

তৃতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি - ৬.২

বিষয় : বাংলাদেশের সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। মুহম্মদ শহীদুল্লাহর ‘অভিভাষণ’ প্রবন্ধে বাঙালির আত্মপরিচয়ের সূত্রগুলি যেভাবে উপস্থাপিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা

২। ভাষাসংস্কারের নামে তদানীন্তন পূর্ববঙ্গে বাঙালি চেতনার বিকৃতি কীভাবে ঘটানো হয়েছিল, আহমদ শরীফের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

৩। ‘লালসালু’ উপন্যাসে ধর্মীয় আধিপত্যের ধারণাকে রাজনৈতিক আধিপত্যের পরিপূরকরূপে ঔপন্যাসিক কীভাবে ব্যবহার করেছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

৪। ‘লালসালু’ উপন্যাসে দুই নারীর উপস্থিতিতে মজিদ চরিত্রটি কীভাবে বিকশিত হয়ে উঠেছে? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৫। বাংলাদেশের কবিদের স্বাধীনতা পূর্ববর্তী কবিতায় ভবিষ্যতের বাংলাদেশের আদল কীভাবে ফুটে উঠেছে তা তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

৬। বাংলাদেশের কবিতায় বাহান্ন ও একাত্তর আন্দোলনের চেতনা কীভাবে প্রকাশিত হয়েছে তা তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৭। ‘পরবাসী’ গল্পের উপসংহারে আমরা দেখি বিপন্ন বশিরের মুখ। গল্পকার শেষ বাক্যে লেখেন: “চোখের ওপর থেকে অন্ধকার পরদাটা যেন সরে গেল আর তার চোখের পানিতে ধূসর হয়ে এল দুটি পৃথিবী— যাকে সে ছেড়ে এল এবং যেখানে সে যাচ্ছে।” এই সমাপ্তির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

অথবা

৮। ‘কান্না’ গল্পে গল্পকার আখতারুজ্জামান ইলিয়াস যেভাবে ধর্মব্যবসায়ীদের ভণ্ডামির মুখোশ খুলে দিয়েছেন, তার সাপেক্ষে গল্পকারের সমাজ সচেতনতার পরিচয় দাও। ১০

★ ★ ★